# সুনান আন-নাসায়ী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ১১৩৯ [আন্তর্জাতিক নাম্বারঃ ১১৪০]

পর্ব-১২: তাত্ববীক্ব (রুকূ’তে দু' হাত হাঁটুদ্বয়ের মাঝে স্থাপন) করা (كتاب التطبيق)

পরিচ্ছেদঃ ৮০: যে ব্যক্তি আল্লাহর জন্যে একটি সিজদা করল তার সাওয়াব

## بَاب ثَوَابِ مَنْ سَجَدَ لِلَّهِ عَزَّ وَجَلَّ سَجْدَةً

---

আরবী

أَخْبَرَنَا أَبُو عَمَّارٍ الْحُسَيْنُ بْنُ حُرَيْثٍ، قال: أَنْبَأَنَا الْوَلِيدُ بْنُ مُسْلِمٍ، قال: حَدَّثَنَا الْأَوْزَاعِيُّ، قال: حَدَّثَنِي الْوَلِيدُ بْنُ هِشَامٍ الْمُعَيْطِيُّ، قال: حَدَّثَنِي مَعْدَانُ بْنُ طَلْحَةَ الْيَعْمُرِيُّ، قال: لَقِيتُ ثَوْبَانَ مَوْلَى رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقُلْتُ: دُلَّنِي عَلَى عَمَلٍ يَنْفَعُنِي أَوْ يُدْخِلُنِي الْجَنَّةَ فَسَكَتَ عَنِّي مَلِيًّا ثُمَّ الْتَفَتَ إِلَيَّ فَقَالَ: عَلَيْكَ بِالسُّجُودِ فَإِنِّي سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ: مَا مِنْ عَبْدٍ يَسْجُدُ لِلَّهِ سَجْدَةً إِلَّا رَفَعَهُ اللَّهُ عَزَّ وَجَلَّ بِهَا دَرَجَةً وَحَطَّ عَنْهُ بِهَا خَطِيئَةً قَالَ مَعْدَانُ: ثُمَّ لَقِيتُ أَبَا الدَّرْدَاءِ فَسَأَلْتُهُ عَمَّا سَأَلْتُ عَنْهُ ثَوْبَانَ فَقَالَ لِي: عَلَيْكَ بِالسُّجُودِ فَإِنِّي سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ: مَا مِنْ عَبْدٍ يَسْجُدُ لِلَّهِ سَجْدَةً إِلَّا رَفَعَهُ اللَّهُ بِهَا دَرَجَةً وَحَطَّ عَنْهُ بِهَا خَطِيئَةً .

تخريج دارالدعوه: صحيح مسلم/الصلاة ٤٣ (٤٨٨)، سنن الترمذى/الصلاة ١٧٠ (٣٨٨، ٣٨٩)، سنن ابن ماجہ/الإقامة ٢٠١ (١٤٢٣) مختصراً، (تحفة الأشراف: ٢١١٢، ١٠٩٦٥)، مسند احمد ٥/٢٧٦، ٢٨٠، ٢٨٣ (صحيح)

صحيح وضعيف سنن النسائي الألباني: حديث نمبر 1140 ـ صحيح

বাংলা

১১৩৯. আবূ আম্মার আল হুসায়ন ইবনু হুরয়স (রহ.)... মা’দান ইবনু তলহাহ আল ইয়া’মুরী (রহ.) হতে বর্ণিত। তিনি বলেন, রাসুলুল্লাহ (সা.)-এর আযাদকৃত দাস সাওবান-এর সাথে আমি সাক্ষাৎ করলাম। আমি বললাম, আমাকে এমন একটি ’আমলের কথা বলুন যা আমার উপকারে আসবে অথবা আমাকে জান্নাতে প্রবেশ করাবে।

তিনি আমার উত্তর না দিয়ে কিছুক্ষণ চুপ রইলেন। অতঃপর আমার প্রতি লক্ষ্য করে বললেন, আপনি সিজদা করতে থাকুন। কেননা আমি রাসূলুল্লাহ (সা.) -কে বলতে শুনেছি, যে বান্দা আল্লাহর উদ্দেশে একটা সিজদা করবে, আল্লাহ তা'আলা বিনিময়ে তার একটি সম্মান বৃদ্ধি করবেন। আর এর দ্বারা তার একটি গুনাহ মুছে ফেলবেন। মা'দান (রহ.) বলেন, অতঃপর আমি আবুদ দারদা-এর সাথে সাক্ষাৎ করলাম এবং তাঁকেও ঐ প্রশ্ন করলাম যা আমি সাওবান (রাঃ)-কে করেছিলাম তিনিও আমাকে বললেন, আপনি সিজদাকে অবশ্য করণীয়রূপে গ্রহণ করুন। কেননা, আমি রাসূলুল্লাহ (সা.) কে বলতে শুনেছি যে বান্দা আল্লাহর উদ্দেশে একটি সিজদা করে, আল্লাহ তা'আলা তার একটি সম্মান বৃদ্ধি করেন এবং তার দ্বারা তার একটি গুনাহ মার্জনা করেন।

## English

80. The Reward Of The One Who Prostrates To Allah, The Mighty And Sublime

Ma'dan bin Talha Al-Ya'muri said: I met Thawban, the freed slave of the Messenger of Allah (ﷺ) and said: Tell me of an action that will benefit me or gain me admittance to Paradise.' He remained silent for a while, then he turned to me and said: 'You should prostrate, because I heard the Messenger of Allah (ﷺ) say: There is no one who prostrated once to Allah, the Mighty and Sublime, except that Allah will raise him one degree in status thereby, and erase one sin thereby. Ma'dan said: Then I met Abu Ad-Darda' and asked him the same question I had asked Thawban. He said to me: You should prostrate, for I heard the Messenger of Allah (ﷺ) say: There is no one who prostrates once to Allah (SWT), but Allah (SWT) will raise him one degree thereby and erase one sin thereby.

## ফুটনোট

সহীহ: মুসলিম ৪৮৮, তিরমিযী ৩৮৮, ইবনু মাজাহ ১৪২৩।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ মা'দান ইবনু তলহাহ আল ইয়া'মুরী (রহ.)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=87513

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন